গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

স্মারক নং- ১৫.৫৬.০০০০.০১৫.০৫.০০১.২২ ১২২৬ (২৫০)

তারিখঃ ১৮.০৭.২০২৩ খি.

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)' র আওতায় সূচকভিত্তিক প্রচার কার্যক্রম বাস্তবায়নের বরাদ্দ ও নির্দেশনা প্রদান।**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার অঙ্গীকার বর্তমান সরকারের। স্মার্ট বাংলাদেশ ও ভিশন: ২০৪১, এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্যসমূহের সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে গণযোগাযোগ অধিদপ্তর বহুমুখী প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে। ২০২৩-২৪ অর্থবছরের **জুলাই-সেপ্টেম্বর** ২০২৩ এর ১ম প্রান্তিকে ৬৮টি তথ্য অফিসকে নিম্নবর্ণিত প্রচার কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**সড়ক প্রচার** : উন্নত রাষ্ট্র ও জাতি গঠন, জনস্বাস্থ্য, স্মার্ট বাংলাদেশ ও ভিশন: ২০৪১, গুজব, সাম্প্রদায়িকতা, সরকার ও রাষ্ট্রবিরোধী অপপ্রচার এবং অপরাজনীতি প্রতিরোধ, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং, সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, পদ্মাসেতু, মেট্রোরেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রসহ সকল মেগা প্রজেক্ট, তথ্য অধিকার, দুর্নীতি প্রতিরোধ, মানব পাচার, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, মাদক, বাল্য বিয়ে, করোনা ও ডেঙ্গু প্রতিরোধ, বৃক্ষরোপণ, পরিবেশ সুরক্ষা, নিরাপদ খাদ্য, প্রতিবন্ধী সুরক্ষা ও সেবা ইত্যাদি বিষয় তুলে ধরে জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম অঞ্চলে প্রতি ইউনিটে কমপক্ষে ৬ ঘন্টা সড়ক প্রচার/মাইকিং করতে হবে। এপিএ লক্ষ্যমাত্রার ৩০% সড়ক প্রচার এ প্রান্তিকে বাস্তবায়ন করতে হবে। অনুমোদিত বার্তা প্রচার করতে হবে। প্রচারের মান উন্নত হতে হবে। প্রচারের স্থিরচিত্র ও ভিডিওচিত্র **সদর দপ্তর থেকে সরবরাহকৃত ডিএসএলআর ক্যামেরায় ধারণপূর্বক** দৈনিক ভিত্তিতে/অনতিবিলম্বে ফেসবুকে আপলোড করতে হবে। **গাড়ির জ্বালানি/যাতায়াত/পরিবহন ভাড়া ও ব্যানারসহ প্রচারের আনুষঙ্গিক ব্যয় রাজস্ব খাত থেকে নির্বাহ করা যাবে।**

**জনসচেতনতামূলক চলচ্চিত্র, দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রামাণ্যচিত্র ও ডকুড্রামা প্রদর্শন** : প্রত্যেক তথ্য অফিসকে মোট লক্ষ্যমাত্রার ৩০% জনসচেতনতামূলক চলচ্চিত্র, দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রামাণ্যচিত্র ও ডকুড্রামা এ প্রান্তিকে প্রদর্শন নিশ্চিত করতে হবে। বঙ্গবন্ধুর জীবন ও কর্ম, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং, বিভিন্ন ক্ষেত্রে সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, গুজব, সাম্প্রদায়িকতা, সরকার ও রাষ্ট্রবিরোধী অপপ্রচার এবং অপরাজনীতি প্রতিরোধ, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ভিশন ২০৪১ এর লক্ষ্য ও অর্জনসমূহ এবং মানব পাচার, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা, ইভটিজিং, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ, তথ্য অধিকার, অটিজম, স্বাস্থ্য ও সামাজিক ইস্যু ইত্যাদি সরকার কর্তৃক অনুমোদিত সময়োপযোগী কনটেন্টস প্রচার/প্রদর্শন করতে হবে।

**সরকারের উন্নয়ন কার্যক্রমের ওপর আলোচনা/মতবিনিময় সভা/কর্মশালা/নারী সমাবেশ/শিশু সমাবেশ আয়োজন/ভার্চুয়াল সভা আয়োজন/পিডিসি ডিসপ্লে বোর্ড স্থাপন** : প্রত্যেক তথ্য অফিস সংযুক্ত লক্ষ্যমাত্রা ও বরাদ্দ অনুযায়ী নারী সমাবেশ আয়োজন করবে। নারী সমাবেশের একক বরাদ্দ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা। সমাবেশ আয়োজন, ডেকোরেশন, বক্তা সম্মানী, ব্যানার তৈরি, আপ্যায়ন, জ্বালানি, যাতায়াত, মালামাল লোডিং-আনলোডিং, ছবি তোলা ও প্রিন্ট, পিএই কভারেজ ইত্যাদি এ বরাদ্দ থেকে ব্যয় করা যাবে। স্মার্ট বাংলাদেশ ও ভিশন: ২০৪১, সরকারের বিভিন্ন পদক্ষেপ, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং, চতুর্থ শিল্প বিপ্লবের গুরুত্ব, বিভিন্ন ক্ষেত্রে সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, ভিশন ২০৪১ এর লক্ষ্য ও অর্জনসমূহ এবং ডেঙ্গু প্রতিরোধ, মানব পাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, অপরাজনীতি ও সাম্প্রদায়িকতা, জঙ্গিবাদ ও নাশকতা, ইভটিজিং, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ, অটিজম, তথ্য অধিকার ইত্যাদি বিষয় প্রতিটি নারী সমাবেশে তুলে ধরতে হবে। **প্রতিটি সমাবেশের বিষয়ভিত্তিক ব্যানার তৈরি করতে হবে। ইতোপূর্বে বাস্তবায়িত উপজেলা ব্যতীত নতুন উপজেলায় নারী সমাবেশ আয়োজন করতে হবে এবং প্রমাণক হিসেবে প্রতিটি নারী সমাবেশের পৃথক স্থিরচিত্র, ভিডিওচিত্র এবং সচিত্র প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং নিজস্ব অফিসে প্রতিবেদনের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।**

**উঠান বৈঠক/উন্মুক্ত *বৈঠক* /ভিডিও কলের মাধ্যমে উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক আয়োজন** : প্রত্যেক তথ্য অফিস লক্ষ্যমাত্রা ও সংযুক্ত বরাদ্দ অনুযায়ী উন্মুক্ত বৈঠক আয়োজন করবে। উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠকের একক বরাদ্দ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা। বৈঠক আয়োজন, বিষয়ভিত্তিক ব্যানার তৈরি, আপ্যায়ন, বক্তা সম্মানী, জ্বালানি, যাতায়াত, ছবি তোলা ও প্রিন্ট করা, পিএই কভারেজ ইত্যাদি এ বরাদ্দ থেকে ব্যয় করা যাবে। উন্মুক্ত বৈঠক বাড়ির উঠান/আঙিনায় অর্থাৎ খোলা জায়গায় আয়োজন করতে হবে। প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং, বিভিন্ন ক্ষেত্রে সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন পরিকল্পনা, মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, স্মার্ট বাংলাদেশ ও ভিশন: ২০৪১ এর লক্ষ্য ও অর্জনসমূহ এবং ডেঙ্গু প্রতিরোধ, মানব পাচার, গুজব, সাম্প্রদায়িকতা, সরকার ও রাষ্ট্রবিরোধী অপপ্রচার এবং অপরাজনীতি প্রতিরোধ, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা, ইভটিজিং, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ, অটিজম, তথ্য অধিকার ইত্যাদি তুলে ধরতে হবে। **আবশ্যিকভাবে সদর দপ্তরের একজন কর্মকর্তাকে প্রতিটি বৈঠকে যুক্ত করতে হবে। ব্যানারে 'উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক' বা ভিডিও কলের মাধ্যমে উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক' এর যে কোনো একটি লিখতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী একই ইউনিয়নে একাধিক উঠান বৈঠক আয়োজন করা যাবে না। উল্লেখ্য, প্রমাণক হিসেবে প্রতিটি উঠান বৈঠকের পৃথক স্থিরচিত্র, ভিডিওচিত্র এবং সচিত্র প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং নিজস্ব অফিসে প্রতিবেদনের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।**

**উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন** : **জুলাই-সেপ্টেম্বর ২০২৩** প্রান্তিকে সুবিধাজনক সময়ে প্রত্যেক তথ্য অফিস লক্ষ্যমাত্রা ও সংযুক্ত বরাদ্দ অনুযায়ী স্থানীয় শিল্পীদলের সমন্বয়ে সংগীতানুষ্ঠান আয়োজন করবে। প্রতিটি সংগীতানুষ্ঠানের একক বরাদ্দ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা। অনুষ্ঠান আয়োজন, শিল্পী সম্মানী, বিষয়ভিত্তিক ব্যানার তৈরি, আপ্যায়ন, জ্বালানি, যাতায়াত, ছবি তোলা ও প্রিন্ট, পিএই কভারেজ ইত্যাদি এ বরাদ্দ থেকে ব্যয় করা যাবে **এবং প্রমাণক হিসেবে প্রতিটি সংগীতানুষ্ঠানের পৃথক স্থিরচিত্র, ভিডিওচিত্র এবং সচিত্র প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং নিজস্ব অফিসে প্রতিবেদনের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।**

**প্রেক্ষাগৃহ পরিদর্শন** : **জুলাই- সেপ্টেম্বর ২০২৩** প্রান্তিকে এপিএ লক্ষ্যমাত্রার শতভাগ প্রেক্ষাগৃহ পরিদর্শন করতে হবে এবং নিয়মিত পরিদর্শন প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। **পরিদর্শন প্রতিবেদন প্রমাণক হিসেবে গণ্য করা হবে। পরবর্তীতে নমুনা ছক প্রেরণ করা হবে।**

**অনলাইনে সচেতনতামূলক বার্তা/চিত্র/কনটেন্টস প্রচার** : বর্তমান সময়ে এটি একটি গুরুত্বপূর্ণ প্রচার কার্যক্রম। সময়োপযোগী ও সরকার কর্তৃক অনুমোদিত সমসাময়িক ও গুরুত্বপূর্ণ বিষয়ে অগ্রাধিকার দিয়ে অনলাইনে বার্তা/ভিডিওচিত্র/তথ্যচিত্র/কনটেন্টস প্রচার করতে হবে। অনলাইনে প্রচারের স্ক্রিনশট প্রমাণক হিসেবে নিজ নিজ অফিসে সংরক্ষণ করতে হবে। এছাড়া নিজস্ব প্রচার কার্যক্রমের ক্যাপশনযুক্ত স্থির ও ভিডিওচিত্র অনলাইনে নিয়মিত প্রচার করতে হবে। অনলাইন প্রচারের ক্ষেত্রে **মন্ত্রিপরিষদ বিভাগের সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ), ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮, তথ্য অধিকার আইন ২০০৯** এবং **সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮** অনুসরণ করতে হবে। অনলাইনে প্রচারের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালার ব্যত্যয় ঘটলে তার দায় সংশ্লিষ্ট কর্মকর্তার ওপর বর্তাবে।

**এলইডি স্ক্রিনে কনটেন্টস/উন্নয়ন বার্তা/সচেতনতামূলক বার্তা প্রচার** : তথ্য অফিস কর্তৃক স্থাপিত এলইডি স্ক্রিনে সমসাময়িক গুরুত্বপূর্ণ কনটেন্টস/উন্নয়ন বার্তা/সচেতনতামূলক বার্তা/ভিডিওচিত্র প্রচার করতে হবে। এছাড়া যে সকল জেলায় অন্যান্য দপ্তরের এলইডি স্ক্রিন রয়েছে, সেসব জেলার তথ্য কর্মকর্তাগণ বর্ণিত বিষয়সমূহ উক্ত এলইডি স্ক্রিনে প্রচার করার উদ্যোগ গ্রহণ করতে পারেন। **প্রমাণক হিসেবে স্থিরচিত্র অধিদপ্তরের ফেসবুক পেইজ ও গ্রুপে আপলোড করতে হবে।**

**সরকারের সামগ্রিক কার্যক্রমের ওপর পাক্ষিক জনমত ও জনপ্রতিক্রিয়া প্রতিবেদন** : সরকারের সামগ্রিক কার্যক্রমের ওপর পাক্ষিক জনমত ও জনপ্রতিক্রিয়া প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে এবং প্রতিবেদনের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

**অধিদপ্তরের বাস্তবায়িত কার্যক্রমের ওপর ত্রৈমাসিক জনমত প্রতিবেদন প্রেরণ** : তথ্য অফিসসমূহের বাস্তবায়িত কার্যক্রমের ওপর ত্রৈমাসিক জনমত সদর দপ্তরে প্রেরণ এবং প্রেরিত প্রতিবেদনের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

- মাসিক অগ্রিম কর্মসূচি সদর দপ্তর, স্থানীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, পুলিশ সুপার ও সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- প্রতি মাসের ০১ (এক) তারিখের মধ্যে আগের মাসের প্রচার কার্যক্রম বাস্তবায়নের সচিত্র প্রতিবেদন (ব্যানার, তারিখ, স্থান ও ক্যাপশনসহ) নির্ধারিত ছকে নিকষ ফন্টে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। **প্রতিবেদনে প্রমাণক হিসেবে কনট্যাক্ট পার্সনের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর, পেপার ক্লিপিংস, স্থির ও ভিডিও চিত্র থাকতে হবে।** এছাড়া প্রতি প্রান্তিকের কার্যক্রম বাস্তবায়ন শেষে **(প্রান্তিকভিত্তিক)** প্রমাণকসহ সূচকভিত্তিক পৃথক বিস্তারিত সচিত্র প্রতিবেদন নির্ধারিত ছকে নিকষ ফন্টে **০১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।**
- প্রতিটি অনুষ্ঠানের (আলোচনা সভা/মতবিনিময় সভা/কর্মশালা, নারী/শিশু সমাবেশ, সংগীতানুষ্ঠান, উন্মুক্ত বৈঠক, চলচ্চিত্র প্রদর্শন ইত্যাদি) কমপক্ষে ০১ (এক)টি স্থিরচিত্র (ব্যানার, তারিখ, স্থান ও ক্যাপশনসহ) এবং ভিডিওচিত্র জেলা তথ্য বাতায়নে তথ্য অফিসের নিজস্ব কর্নারে আপলোড নিশ্চিত করতে হবে। এছাড়া **গণযোগাযোগ অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেইজ ও গ্রুপে লিংক প্রদানসহ নিজস্ব দপ্তরের ফেসবুকে অনতিবিলম্বে আপলোড করতে হবে।**
- উল্লিখিত সকল কার্যক্রমে সমন্বিতভাবে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং এবং তথ্য অধিকার আইন সম্পর্কে প্রচার চালাতে হবে।
- সকল প্রচার কার্যক্রমের যথাযথ মান বজায় রাখতে হবে। উপযুক্ত ভেন্যু, অতিথি বক্তা, অংশগ্রহণকারী (প্রচার কার্যক্রমের সাথে সংগতি রেখে) নির্বাচন করতে হবে।
- অর্থ প্রাপ্তিতে বিলম্ব ও এপিএ লক্ষ্যমাত্রা অনুপাতে কর্মসূচি ও বরাদ্দ কম হলে যথাসময়ে বিষয়টি সদর দপ্তরকে জানাতে হবে। এসব বিষয়ে বিলম্বিত রিপোর্ট, এপিএ এর সময়াবদ্ধ লক্ষ্যমাত্রা অর্জন ও প্রতিবেদন প্রেরণে ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মকর্তার দায়িত্বে অবহেলা হিসেবে গণ্য হবে এবং সার্বিক মূল্যায়নে প্রতিফলিত হবে।
- সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অনুশাসন মেনে এ ব্যয় করতে হবে। প্রচলিত বিধি অনুযায়ী ভ্যাট, উৎসে কর, স্ট্যাম্প ইত্যাদি প্রদান করতে হবে। আর্থিক কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- প্রতিটি তথ্য অফিসকে এপিএ সংক্রান্ত সকল যোগাযোগ (dmcapareport@gmail.com) ই-মেইলে করতে হবে।
- <u>প্রচার কার্যক্রমে যানবাহন ব্যবহার সংক্রান্ত নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।</u>
- **নির্দেশনার সাথে সংযুক্ত প্রান্তিকওয়ারী কর্মসূচি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।**

মোঃ নিজামূল কবীর
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

প্রাপকঃ

পরিচালক/উপপরিচালক/সিনিয়র তথ্য অফিসার
তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার
তথ্য অফিস (সকল)

কার্যার্থে :

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রচার ও সমন্বয়/কারিগরি ও প্রশিক্ষণ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। উপপরিচালক (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
০৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
০৬। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, লামা, পটিয়া, কাপ্তাই ও রামগড়।
০৭। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা-কে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাত থেকে ৬৮টি তথ্য অফিসের অনুকূলে বর্ণিত প্রচার কার্যক্রম বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য ৭৭,৭০,০০০/- (সাতাত্তর লক্ষ সত্তর হাজার) টাকা (ibas++ মডিউলে এন্ট্রিসহ) দ্রুত বরাদ্দ প্রদানের নির্দেশ দেয়া হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

## ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় জুলাই-সেপ্টেম্বর ২০২৩ এর ১ম প্রান্তিকের প্রচার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও বরাদ্দ।

| ক্রমিক নং | অফিসের নাম | নারী সমাবেশ | উঠান বৈঠক/ উন্মুক্ত বৈঠক | আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন | বরাদ্দ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নারী সমাবেশ | উঠান বৈঠক/ উন্মুক্ত বৈঠক | আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান | প্রাপ্য বরাদ্দ |
| ১ | জেলা তথ্য অফিস, ঢাকা | ৫ | ৫ | ৪ | ৭৫০০০ | ৩৭৫০০ | ৩০০০০ | ১৪২৫০০ |
| ২ | জেলা তথ্য অফিস, নারায়ণগঞ্জ | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩ | জেলা তথ্য অফিস, মুন্সীগঞ্জ | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪ | জেলা তথ্য অফিস, গাজীপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫ | জেলা তথ্য অফিস, নরসিংদী | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৬ | জেলা তথ্য অফিস, মানিকগঞ্জ | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৭ | জেলা তথ্য অফিস, টাঙ্গাইল | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৮ | জেলা তথ্য অফিস ফরিদপুর | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৯ | জেলা তথ্য অফিস, কিশোরগঞ্জ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ১০ | জেলা তথ্য অফিস, শরীয়তপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ১১ | জেলা তথ্য অফিস, গোপালগঞ্জ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ১২ | জেলা তথ্য অফিস, রাজবাড়ী | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ১৩ | জেলা তথ্য অফিস, মাদারীপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ১৪ | জেলা তথ্য অফিস, ময়মনসিংহ | ৫ | ৪ | ৪ | ৭৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১৩৫০০০ |
| ১৫ | জেলা তথ্য অফিস জামালপুর | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ১৬ | জেলা তথ্য অফিস, নেত্রকোণা | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ১৭ | জেলা তথ্য অফিস, শেরপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ১৮ | জেলা তথ্য অফিস, চট্টগ্রাম | ৫ | ৫ | ৪ | ৭৫০০০ | ৩৭৫০০ | ৩০০০০ | ১৪২৫০০ |
| ১৯ | জেলা তথ্য অফিস, রাংগামাটি | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ২০ | জেলা তথ্য অফিস, খাগড়াছড়ি | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২১ | জেলা তথ্য অফিস, বান্দরবান | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২২ | জেলা তথ্য অফিস, কুমিল্লা | ৪ | ৫ | ৪ | ৬০০০০ | ৩৭৫০০ | ৩০০০০ | ১২৭৫০০ |
| ২৩ | জেলা তথ্য অফিস, কক্সবাজার | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২৪ | জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২৫ | জেলা তথ্য অফিস, ফেনী | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২৬ | জেলা তথ্য অফিস, লক্ষীপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২৭ | জেলা তথ্য অফিস, চাঁদপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ২৮ | জেলা তথ্য অফিস, নোয়াখালী | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ২৯ | তথ্য অফিস,পটিয়া | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩০ | তথ্য অফিস,কাপ্তাই | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩১ | তথ্য অফিস,রামগড় | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩২ | তথ্য অফিস, লামা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩৩ | জেলা তথ্য অফিস, রাজশাহী | ৫ | ৪ | ৪ | ৭৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১৩৫০০০ |
| ৩৪ | জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৩৫ | জেলা তথ্য অফিস, বগুড়া | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৩৬ | জেলা তথ্য অফিস, নওগাঁ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৩৭ | জেলা তথ্য অফিস, পাবনা | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৩৮ | জেলা তথ্য অফিস, নাটোর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৩৯ | জেলা তথ্য অফিস,চাঁপাইনবাবগঞ্জ | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪০ | জেলা তথ্য অফিস, জয়পুরহাট | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪১ | জেলা তথ্য অফিস,রংপুর | ৫ | ৪ | ৪ | ৭৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১৩৫০০০ |
| ৪২ | জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৪৩ | জেলা তথ্য অফিস, গাইবান্ধা | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৪৪ | জেলা তথ্য অফিস, দিনাজপুর | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৪৫ | জেলা তথ্য অফিস, নীলফামারী | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪৬ | জেলা তথ্য অফিস, লালমনিরহাট | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪৭ | জেলা তথ্য অফিস, ঠাকুরগাঁও | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪৮ | জেলা তথ্য অফিস, পঞ্চগড় | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৪৯ | জেলা তথ্য অফিস, খুলনা | ৫ | ৫ | ৫ | ৭৫০০০ | ৩৭৫০০ | ৩৭৫০০ | ১৫০০০০ |
| ৫০ | জেলা তথ্য অফিস, বাগেরহাট | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৫১ | জেলা তথ্য অফিস, যশোর | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৫২ | জেলা তথ্য অফিস, ঝিনাইদহ | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫৩ | জেলা তথ্য অফিস, কুষ্টিয়া | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৫৪ | জেলা তথ্য অফিস, সাতক্ষীরা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |

মোঃ নিজামুল কবীর
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্রমিক নং | অফিসের নাম | নারী সমাবেশ | উঠান বৈঠক/ উন্মুক্ত বৈঠক | আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন | বরাদ্দ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নারী সমাবেশ | উঠান বৈঠক/ উন্মুক্ত বৈঠক | আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান | প্রাপ্য বরাদ্দ |
| ৫৫ | জেলা তথ্য অফিস, নড়াইল | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫৬ | জেলা তথ্য অফিস, চুয়াডাংগা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫৭ | জেলা তথ্য অফিস, মেহেরপুর | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫৮ | জেলা তথ্য অফিস, মাগুরা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৫৯ | জেলা তথ্য অফিস, সিলেট | ৫ | ৪ | ৪ | ৭৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১৩৫০০০ |
| ৬০ | জেলা তথ্য অফিস, সুনামগঞ্জ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৬১ | জেলা তথ্য অফিস, হবিগঞ্জ | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৬২ | জেলা তথ্য অফিস, মৌলভীবাজার | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৬৩ | জেলা তথ্য অফিস, বরিশাল | ৫ | ৫ | ৪ | ৭৫০০০ | ৩৭৫০০ | ৩০০০০ | ১৪২৫০০ |
| ৬৪ | জেলা তথ্য অফিস, পিরোজপুর | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৬৫ | জেলা তথ্য অফিস, বরগুনা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৬৬ | জেলা তথ্য অফিস, ভোলা | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| ৬৭ | জেলা তথ্য অফিস, পটুয়াখালী | ৪ | ৪ | ৪ | ৬০০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১২০০০০ |
| ৬৮ | জেলা তথ্য অফিস, ঝালকাঠি | ৩ | ৪ | ৪ | ৪৫০০০ | ৩০০০০ | ৩০০০০ | ১০৫০০০ |
| | মোট= | ২৪৩ | ২৭৭ | ২৭৩ | ৩৬৪৫০০০ | ২০৭৭৫০০ | ২০৪৭৫০০ | ৭৭৭০০০০ |

সাতাত্তর লক্ষ সত্তর হাজার টাকা

মোঃ নিজামুল কবীর
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার